

...

ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিঃ (ওজোপাডিকো)  
ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর  
www.wzpdcl.gov.bd

স্মারক নম্বর: ২৭.২২.৪৭৮৫.০০০.০৬.০২৩.২৪.৭৩

তারিখ: ৮ ভাদ্র ১৪৩১

২৩ আগস্ট ২০২৪

বিষয়: **ওজোপাডিকো'র আওতাধীন এলাকায় বন্যা পরিস্থিতি এবং প্রভুতি সংক্রান্ত তথ্য প্রেরণ প্রসঙ্গে।**

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের আলোকে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ওজোপাডিকো) খুলনা বিভাগ, বরিশাল বিভাগ এবং বৃহত্তর ফরিদপুর অঞ্চলের ২১টি জেলা শহর ও ২০ উপজেলা শহরসহ তৎসংলগ্ন এলাকায় বিদ্যুৎ সরবরাহ করে থাকে। দেশের চলমান বন্যা পরিস্থিতিতে ওজোপাডিকো'র কোন বিতরণ এলাকা এখন পর্যন্ত প্লাবিত হয়নি। তদুপরি ওজোপাডিকো'র সকল সার্কেল ও দপ্তর প্রধানকে বন্যা পরিস্থিতি মনিটরিং ও সতর্ক অবস্থানে থাকার নির্দেশনা প্রদান করা হয়েছে।

(ক) ওজোপাডিকো'র আওতাধীন বিতরণ এলাকায় বন্যার পূর্বাভাস পাওয়া গেলে বৈদ্যুতিক দুর্ঘটনা এড়াতে জনসাধারণকে সাবধানতা অবলম্বনের আহ্বান জানিয়ে সামাজিক যোগাযোগ মাধ্যমসহ মাইকিং এর মাধ্যমে নিম্নলিখিত বিষয়সমূহ প্রচারের ব্যবস্থা গ্রহণ করা হবেঃ

১। বন্যার কারণে বৈদ্যুতিক তার ছিঁড়ে গেলে বা বৈদ্যুতিক পোল হলে বিতরণ লাইন ঝুঁকিপূর্ণ উচ্চতায় আসলে নিকটস্থ অভিযোগ কেন্দ্র/দপ্তর বা হট লাইন নম্বর (১৬৯৯৯ ও ১৬১১৭) নম্বরে অবহিত করার জন্য গ্রাহকগণকে অনুরোধ করা;

২। যে কোন অবস্থাতেই হেঁড়া বৈদ্যুতিক তার স্পর্শ করা বিপজ্জনক। জরুরি প্রয়োজনে শুকনো কাঠ বা শুকনো বাঁশের সাহায্যে পানির স্পর্শ এড়িয়ে বিদ্যুতের তার সরানো যেতে পারে অথবা নিকটস্থ অভিযোগ কেন্দ্র/দপ্তর বা হট লাইন নম্বর (১৬৯৯৯ ও ১৬১১৭) নম্বরে অবহিত করার জন্য গ্রাহকগণকে অনুরোধ করা;

৩। মিটার অথবা সার্ভিস তার অথবা বৈদ্যুতিক সংযোগ পানির সংস্পর্শে আসলেই মারাত্মক দুর্ঘটনা ঘটতে পারে। বাড়ির প্রধান পাওয়ার সুইচগুলো বন্ধ রাখা এবং ভেজা বৈদ্যুতিক যন্ত্রপাতি থেকে দূরে থাকার জন্য গ্রাহকগণকে অনুরোধ করা;

৪। বন্যার সময় নৌযানের মাস্তুল যাতে বৈদ্যুতিক লাইন থেকে নিরাপদ দূরত্বে থাকে সে ব্যাপারেও সাবধান হওয়ার জন্য গ্রাহকগণকে অনুরোধ করা;

(খ) ওজোপাডিকো'র কোন এলাকা বন্যায় প্লাবিত হলে দুর্ঘটনা এড়াতে নিম্ন লিখিত ব্যবস্থা গ্রহণ করা হবেঃ


১। জরুরী প্রয়োজনে পূর্বানুমোদন ছাড়া সকল কর্মকর্তা/কর্মচারীর কর্মস্থল ত্যাগে নিষেধাজ্ঞা আরোপ;

২। বন্যায় কোন ৩৩/১১ কেভি উপকেন্দ্র প্লাবিত হলে তা সম্পূর্ণ সাঁটিডাউনে রাখা;

৩। বন্যায় প্লাবিত ঝুঁকিপূর্ণ এলাকার বিদ্যুৎ বিতরণ লাইনসমূহ বন্ধ রাখা এবং বন্যা পরবর্তিতে সরেজমিন পরিদর্শনপূর্বক নিরাপত্তা নিশ্চিত হয়ে পুনরায় চালুকরণ;

৪) বন্যা পরবর্তিতে দ্রুত বিতরণ ব্যবস্থা সচল করার জন্য প্রয়োজনীয় জনবল ও মালামাল প্রস্তুত রাখা।

মহোদয়ের সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।



২৩-৮-২০২৪

এ.এইচ.এম মহিউদ্দিন

ব্যবস্থাপনা পরিচালক

সিনিয়র সচিব

বিদ্যুৎ বিভাগ

**দৃষ্টি আকর্ষণঃ** যুগ্ম সচিব, সমন্বয় অনুবিভাগ, বিদ্যুৎ বিভাগ


স্মারক নম্বর: ২৭.২২.৪৭৮৫.০০০.০৬.০২৩.২৪.৭৩/১(১১২)

তারিখ: ৮ ভাদ্র ১৪৩১

২৩ আগস্ট ২০২৪

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) চেয়ারম্যান, পরিচালনা পর্ষদ, ওজোপাডিকো এবং অতিরিক্ত সচিব, সমন্বয় অনুবিভাগ, বিদ্যুৎ বিভাগ, ঢাকা।
- ২) নির্বাহী পরিচালক (পরিচালন/অর্থ/পিএন্ডডি/প্রশাসন), ওজোপাডিকো, খুলনা।
- ৩) প্রধান প্রকৌশলী (সকল) / মহাব্যবস্থাপক (সকল), ওজোপাডিকো, খুলনা।
- ৪) তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল) / উপ-মহাব্যবস্থাপক (সকল), সদর দপ্তর, ওজোপাডিকো, খুলনা।
- ৫) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পরিচালন ও সংরক্ষণ সার্কেল (সকল), ওজোপাডিকো, খুলনা/যশোর/কুষ্টিয়া/ফরিদপুর/বরিশাল/পটুয়াখালী।
- ৬) নির্বাহী প্রকৌশলী (সকল), সদর দপ্তর/বিবিবি/বিবি, প্রকল্প/বি.স/আমেকা / ব্যবস্থাপক (সকল), সদর দপ্তর/প্রকল্প/আহিদ, ওজোপাডিকো-----।
- ৭) আবাসিক প্রকৌশলী (সকল), ওজোপাডিকো, -----।
- ৮) দপ্তর কপি।



২৩-৮-২০২৪

মোঃ রুহুল আমিন

নির্বাহী প্রকৌশলী